দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 OCT 2017
পৃষ্ঠা ৩ কলাম ৩

# হচ্ছে আরো ১০ মডেল স্কুল

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানী ঢাকা ও এর আশপাশের এলাকায় নতুন করে ১০টি মডেল বিদ্যালয় স্থাপন করতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। এতে সরকারের ব্যয় হবে প্রায় ৭০০ কোটি টাকা। ২০২০ সালের মধ্যে এসব স্কুল ভবন নির্মাণের কাজ শেষ হবে। মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ওপর চাপ কমাতে সরকারের এ উদ্যোগ।

ঢাকা শহরে এখন মডেল বিদ্যালয় প্রতিষ্ঠার মতো উপযুক্ত জমির সংকট রয়েছে। তাই ঢাকার খুব কাছাকাছি এসব বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষাদানের উদ্দেশ্যে মডেল বিদ্যালয় স্থাপনের এই ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপজাল (ডিপিপি) অনুমোদনের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে (একনেক) আজ উঠবে। প্রতিটি বিদ্যালয় প্রতিষ্ঠায় সরকারের ব্যয় হবে প্রায় ৭০ কোটি টাকা।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা বলেন, আধুনিক সব সুযোগ সুবিধা নিয়েই এ প্রতিষ্ঠানগুলো নির্মাণ করা হবে। প্রস্তাবটি অনুমোদন পেলে রাজধানীর ভালো মানের শিক্ষা প্রতিষ্ঠানের ওপর চাপ কমবে। উপকৃত হবে শিক্ষার্থী অভিভাবক।

তথ্য অনুযায়ী, প্রস্তাবিত স্কুলগুলোতে সব ধরনের আধুনিক সুযোগ-সুবিধা রাখার পরিকল্পনা করা হয়েছে। প্রতিটি ভবন হবে ১০ তলা। থাকবে বিজ্ঞানের প্রতিটি বিষয়ের আলাদা ল্যাবরেটরি, কম্পিউটার ল্যাব, অধ্যক্ষের জন্য দ্বিতল বাসভবন। ডিপিপির তথ্যানুযায়ী, ১০ সরকারি হাইস্কুল স্থাপনের জন্য প্রাথমিকভাবে নির্ধারিত স্থানগুলো হচ্ছে- নবীনগর, ইপিজেড/আশুলিয়া, ধামরাই, পূর্বাচল, হেমায়েতপুর, জোয়ারসাহারা, সাইনবোর্ড, চিটাগাং রোড, শাহজাদপুর/নূরেরচালা ও ইকুরিয়া/ঝিলমিল এলাকা। এ ১০টি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য ব্যয় ধরা হয়েছে ৬৭৩ কোটি ৪৬ লাখ টাকা।